

পরের জায়গা পরের জমিন লিরিক্স:-

পরের জায়গা পরের জমিন
ঘর বানাইয়া আমি রই,
আমি তো সেই ঘরের মালিক নই
আমি তো সেই ঘরের মালিক নই।। (x2)

সেই ঘরখানা যার জমিদারি
আমি পাইনা তাহার হুকুমজারী,
সেই ঘরখানা যার জমিদারি
আমি পাইনা তাহার হুকুমজারী

আমি পাইনা জমিদারের দেখা
পাইনা জমিদারের দেখা
আমি পাইনা জমিদারের দেখা,
মনের দুঃখ কারে কই
আমি মনের দুঃখ কারে কই।
আমি তো সেই ঘরের মালিক নই

পরের জায়গা পরের জমিন
ঘর বানাইয়া আমি রই,
আমি তো সেই ঘরের মালিক নই
আমি তো সেই ঘরের মালিক নই।।

জমিদারের ইচ্ছেমত দেই না জমি চাষ
তাইতো ফসল ফলে না রে
দুঃখ বারো মাস। (x2)

আমি খাজনাপাতি সবই দিলাম
তবু জমিন আমার হয় যে নীলাম,
খাজনাপাতি সবই দিলাম
তবু জমিন আমার হয় যে নীলাম,

আমি চলি যে তার মন জোগাইয়া
চলি যে তার মন জোগাইয়া
আমি চলি যে তার মন জোগাইয়া,
দাখিলায় মেলে না সই
তবু দাখিলায় মেলে না সই।
আমি তো সেই ঘরের মালিক নই

পরের জায়গা পরের জমিন
ঘর বানাইয়া আমি রই,
আমি তো সেই ঘরের মালিক নই
আমি তো সেই ঘরের মালিক নই।। (x2)